1-MAR 2015

সমকাল

# টেন্ডার নিয়ে যুবলীগ ছাত্রলীগ গোলাগুলি

## বিদ্যুৎ ভবনে ভাংচুর বোমা বিস্ফোরণ

■ সমকাল প্রতিবেদক

সচিবালয়ের পাশে আবদুল গনি রোডে বিদ্যুৎ ভবনে ৭৭ লাখ টাকার টেন্ডার জমা দেওয়াকে কেন্দ্র করে গুলি ও ভাংচুর চালিয়েছে যুবলীগ ও ছাত্রলীগের কর্মীরা। তারা ভবনে ও সেখানে রাখা গাড়ি ভাংচুর করে ও হাতবোমা ফাটিয়ে আতঙ্ক ছড়ায়। এ ঘটনার সময় আশপাশেই পুলিশের অবস্থান ছিল। গতকাল, মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে।

বিদ্যুৎ ভবন সূত্র জানায়, গতকাল দুপুর ১২টা পর্যন্ত ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের পৃথক দুটি কাজের দরপত্র জমা দেওয়ার শেষ সময় ছিল। এর একটি রাজধানীর তেজগাঁও সাব স্টেশন ভবন সম্প্রসারণের ৩৩ লাখ টাকা এবং অপরটি মাদারটেক সাব স্টেশনের নিরাপত্তা দেয়াল নির্মাণের ৪৪ লাখ টাকার টেন্ডার দেওয়া হয়। এসব সিডিউলের দরপত্র জমা নিয়ে যুবলীগ ও ছাত্রলীগের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ভাংচুর হয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা সাড়ে ১১টায় মেসার্স সিকদার কনস্ট্রাকশনের পক্ষে ছাত্রলীগের একটি গ্রুপ ভবনের তৃতীয় তলায় রাখা টেন্ডার বক্সে সিডিউল জমা দেয়। ওই সময় প্রতিষ্ঠানটির ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৫

## টেন্ডার নিয়ে যুবলীগ

[প্রথম পৃষ্ঠার পর]

মালিক আবদুর রহিমও সঙ্গে ছিলেন। তারা সিঁড়ি দিয়ে নিচে নামতেই মহানগর যুবলীগের কর্মী পরিচয় দেওয়া উজ্জ্বল, তুহিন, সুমন ও আল আমিনের নেতৃত্বে ২০-২৫ কর্মী সিকদার কনস্ট্রাকশনের পক্ষে আসা ছাত্রলীগ কর্মীদের ঘিরে ধরে। ওই সময় নিজেদের মধ্যে বাকবিতণ্ডা শুরু হলে যুবলীগকর্মীরা পিস্তল উঁচিয়ে ভবনের নিচতলায় দুই রাউন্ড গুলি ছোড়ে। ভেতরে ফুলের টব ভাংচুর করে আতঙ্ক ছড়ায়। এক পর্যায়ে তারা বাইরে রাখা কয়েকটি গাড়ি ভাংচুর করে। এতে সাধারণ ঠিকাদাররা দরপত্র জমা না দিয়েই প্রাণ ভয়ে পালিয়ে যান। পুরো ঘটনার সময় ভবনের বাইরে পুলিশ দাঁড়িয়ে ছিল বলে একাধিক ঠিকাদার জানান। পরে ঘটনাস্থল থেকে আল মামুন নামে আহত এক যুবককে আটক করে পুলিশ।

তবে বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের (ডিপিডিসি) জেনারেল ম্যানেজার দিলীপ কুমার সেন জানান, ভবনের তৃতীয় তলায় দরপত্রের বাক্স রাখা ছিল। সেখানে কোনো ঝামেলা হয়নি। নিচতলায় ঝামেলা হয়েছে। কারা, কেন তা করেছে তিনি জানেন না। এতে দরপত্রে কোনো প্রভাব পড়েনি।

এ বিষয়ে জানতে চাইলে শাহবাগ থানার পরিদর্শক (তদন্ত) একে সাইদুল হক ভূঁইয়া সমকালকে জানান, ঘটনাস্থল থেকে একজনকে আটক করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হবে। ওই ভাংচুর ও গুলির ঘটনায় থানায় মামলা প্রক্রিয়াধীন।